দৈনিক
ইত্তেফাক

তারিখ ..2 2 AUG 2007 ..
পৃষ্ঠা ১ কলাম ৪









জগন্নাথ বিশ্ববিদ্যালয়, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্র বিক্ষোভ —ইত্তেফাক

# জাবি রাবি চবি শাবিসহ শিক্ষা প্রতিষ্ঠানে বিক্ষোভ

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ঘটনার জের হিসেবে সংঘর্ষের বিস্তৃতি ঘটে দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে। মঙ্গলবার জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ইসলামী বিশ্ববিদ্যালয়, সিলেট শাহজালাল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, যশোর এম এম কলেজের ছাত্র-ছাত্রীরা বিক্ষোভে ফেটে পড়ে। নিন্দা, প্রতিবাদ ও বিক্ষোভের প্রকৃতি কোথাও কোথাও সহিংস ছিল। বিক্ষোভ মিছিল, গাড়ি ভাংচুর, রাস্তা অবরোধ, ক্লাস বর্জন, কালোব্যাজ ধারণসহ বিভিন্ন কর্মসূচীতে মুখর ছিল বিশ্ববিদ্যালয়গুলোর ক্যাম্পাস। এসব স্থানে বিভিন্ন ঘটনায় পুলিশের সাথে সংঘর্ষে আহতও হয়েছে অনেকে। ইত্তেফাকের জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা জানান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের ওপর আইন-শৃংখলা বাহিনীর হামলার প্রতিবাদে উত্তপ্ত হয়ে উঠে (১১শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## জাবি রাবি চবি

(প্রথম পৃঃ পর)

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়। মঙ্গলবার বিক্ষুব্ধ শিক্ষার্থীরা ক্যাম্পাসে দফায় দফায় মিছিল করে ও ঢাকা-আরিচা মহাসড়ক প্রায় এক ঘন্টা অবরোধ করে রাখে। অবরোধ চলাকালে পুলিশের ভ্যানসহ ৭/৮টি গাড়ি ভাংচুর ও ১০ জন আহত হওয়ার ঘটনা ঘটে। এসময় পুলিশের সঙ্গে ছাত্রদের ধাওয়া-পাল্টা ধাওয়া হয়। ঘটনার প্রতিবাদে গতকাল মঙ্গলবার ও আজ বুধবার ক্যাম্পাসে ছাত্র ধর্মঘট পালন করছে শিক্ষার্থীরা।

সকাল দশটায় সহস্রাধিক শিক্ষার্থীর একটি বিক্ষোভ মিছিল ক্যাম্পাস প্রদক্ষিণ করে অমর একুশের পাদদেশে সংক্ষিপ্ত সমাবেশ করে। সমাবেশে বক্তারা ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের ওপর পুলিশী হামলার বিচার ও বাংলাদেশের সকল ক্যাম্পাস হতে পুলিশ ও সেনা ক্যাম্প প্রত্যাহারের দাবি জানায়। এক সময়ে ছাত্রলীগের একটি মিছিল পুলিশের বাধা অতিক্রম করে ঢাকা-আরিচা মহাসড়কে অবস্থান নেয়, একই সাথে বিক্ষুব্ধ শিক্ষার্থীরাও মহাসড়কে পুলিশের দুটি ভ্যানসহ ৭/৮টি বাস ও ট্রাক ভাংচুর করে প্রায় এক ঘন্টা মহাসড়ক অবরোধ কর্মসূচী পালন করে। ভাংচুরের সময় মহিলাসহ কমপক্ষে ১০ জন আহত হয়। এ সময় পুলিশের সঙ্গে শিক্ষার্থীদের ধাওয়া-পাল্টা ধাওয়ার এক পর্যায়ে পুলিশকে ক্যাম্পাস থেকে বের করে দিয়ে ডেইরী গেট বন্ধ করে দেয় তারা।

বেলা সাড়ে ১২টার দিকে ডিজিএফআই পরিচালক লেফটেন্যান্ট কর্নেল শাহ মোহাম্মদ আতিক, ডেপুটি ডাইরেক্টর এম এ হামিদ, মেজর হাসান, আশুলিয়া থানা ওসি কামরুল ইসলামসহ র‍্যাব, পুলিশ ও সেনা সদস্য ঘটনাস্থলে পৌছালে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। বর্তমানে বিশ্ববিদ্যালয়ে অতিরিক্ত পুলিশ মোতায়েন রয়েছে। ঢাবির ঘটনার তীব্র নিন্দা জানিয়ে বিবৃতি দিয়েছেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অজিত কুমার মজুমদার ও সমমনা শিক্ষক ফোরামের সম্পাদক অধ্যাপক শামসুল আলম সেলিম। ক্যাম্পাসে থমথমে পরিস্থিতি বিরাজ করছে।

রাজশাহী অফিস জানায়, ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের ওপর পুলিশি হামলার প্রতিবাদে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে শিক্ষক-শিক্ষার্থীরা পুলিশ বাধার মুখেও গতকাল ক্যাম্পাসে মৌন মিছিল ও সমাবেশ করেছে। ঢাকা বিশ্বদ্যিালয়ের ঘটনার প্রতিবাদে রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ আজ বুধবার ক্যাম্পাসে ছাত্র ধর্মঘট আহ্বান করেছে।

বেলা দেড়টার দিকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ বিভাগের সামনে থেকে একটি মৌন মিছিল বের হয়। মিছিলটি ক্যাম্পাসের আমতলায় পৌছলে পুলিশ মিছিলে বাধা দেয়। পুলিশি বাধা উপেক্ষা করে মিছিলটি অগ্রসর হলে মতিহার জোনের এসি সঞ্জয় সরকার মিছিলকারীদের নিকট থেকে ব্যানার কেড়ে নেয়ার চেষ্টা করেন। এ সময় মিছিলে অংশ নেয়া শিক্ষকদের সঙ্গে পুলিশের বাকবিতণ্ডা হয়। পরে মিছিলটি ক্যাম্পাসের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে কেন্দ্রীয় লাইব্রেরির সামনে এসে সমাবেশে মিলিত হয়। সমাবেশে গণযোগাযোগ বিভাগের সহকারী অধ্যাপক সেলিম রেজা নিউটন বক্তব্য রাখেন। তিনি শান্তিপূর্ণ মিছিলে পুলিশি বাধার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান। পুলিশি হামলার প্রতিবাদে রাবি ছাত্রলীগ আজ বুধবার ক্যাম্পাসে ছাত্র ধর্মঘট আহ্বান করেছে। বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ সভাপতি ইব্রাহীম হোসেন মুন আজ রাবি ক্যাম্পাসে ছাত্র ধর্মঘট ডাকার কথা জানান।

সিলেট অফিস/শাহজালাল বিশ্ববিদ্যালয় সংবাদদাতা জানান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্ভূত পরিস্থিতিতে সিলেটে অভিভাবক মহলের মধ্যে উদ্বেগ ও উৎকণ্ঠা দেখা দিয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে অপ্রীতিকর ঘটনার প্রতিবাদে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগ মৌনমিছিল করেছে। গতকাল দুপুর সাড়ে ১২টায় কালো ব্যাজ ধারণ করে ছাত্রলীগ নেতা-কর্মীরা ক্যাম্পাসে মিছিলে অংশ নেয়। ক্যাম্পাসে পুলিশের উপস্থিতি ছিল। তবে কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা জানান, ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের পুলিশি হামলার প্রতিবাদে গতকাল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্র-ছাত্রীরা কালো ব্যাজ ধারণ কর্মসূচি পালন করেছে। সকালে ছাত্র-ছাত্রীরা কালো ব্যাজ পরে ক্যাম্পাসে প্রবেশ করলে পুলিশ কয়েক ছাত্রকে আটক করে। পরে প্রক্টরিয়াল বডির সদস্যরা কালো ব্যাজ খুলে মুচলেকা নিয়ে তাদের ছেড়ে দেয়। ক্যাম্পাসে অতিরিক্ত নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এদিকে সাধারণ ছাত্রছাত্রীরা অভিযোগ করেছে ক্যাম্পাসে শিবির কর্মীদের কড়া পাহারার কারণে কোন ধরনের আন্দোলন কর্মসূচি পালন করা যায়নি। একই সাথে পুলিশ ও কয়েকজন সহকারী প্রক্টর কালো ব্যাজ ধারণকারী কয়েকজন ছাত্রছাত্রীর সাথে অসৌজন্যমূলক আচরণ করেছে বলে অভিযোগ পাওয়া গেছে। এদিকে ঢাকা ভার্সিটির ঘটনায় আজ বুধবার থেকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সাধারণ ছাত্রছাত্রী পরিষদের ব্যানারে লাগাতার ধর্মঘটের ডাক দেয়া হয়েছে।

বাকৃবি সংবাদদাতা জানান, ঢাকা বিশ্ববিদ্যালয়ে সাধারণ ছাত্রদের উপর হামলার প্রতিবাদে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকৃবি) বুধবার ক্লাস বর্জন এবং দিনব্যাপী কালো ব্যাজ ধারণ কর্মসূচী। গতকাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সংগঠন ও সাধারণ শিক্ষার্থীরা বিকালে এক বিক্ষোভ মিছিল-পরবর্তী সমাবেশে ওই কর্মসূচী ঘোষণা করেন। এছাড়া শিক্ষা প্রতিষ্ঠান থেকে সেনাক্যাম্প প্রত্যাহারের দাবি জানান। গতকাল বিকালে সাধারণ শিক্ষার্থী ও বিভিন্ন সংগঠন বিশ্ববিদ্যালয়ের জব্বারের মোড় থেকে একটি বিক্ষোভ মিছিল বের করে কে আর মার্কেট হয়ে বিশ্ববিদ্যালয়ের বিজয়-৭১-এ এসে শেষ হয় এবং সেখানে এক সমাবেশে মিলিত হয়।

ময়মনসিংহ সংবাদদাতা জানান, গতকাল বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঘটনার প্রতিবাদে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ও সরকারী আনন্দমোহন কলেজে ছাত্র-ছাত্রীরা ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল, সমাবেশ ও কালো ব্যাজ ধারণ করে ক্ষোভ প্রকাশ করে। দেশের সকল ক্যাম্পাস থেকে সেনা প্রত্যাহারের দাবিতে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সর্বদলীয় ছাত্ররা আগামীকাল থেকে ক্লাস বর্জন, কালো ব্যাজ ধারণের কর্মসূচি নিয়েছে। দাবি পূরণ না হলে অনির্দিষ্টকালের জন্য ক্লাস বর্জনের কর্মসূচি ঘোষণা করেছে। এদিকে জেলা ছাত্র ইউনিয়ন সভাপতি সাইফুল সালেহীন ও সাধারণ সম্পাদক হাসান তারেক বিবৃতিতে সেনাবাহিনী ও পুলিশ কর্তৃক ছাত্র নির্যাতনের তীব্র নিন্দা জানান। তারা অবিলম্বে ছাত্রদের উপর হামলাকারী সেনা সদস্য ও পুলিশ সদস্যের দৃষ্টান্তমূলক শাস্তি ও বিচার দাবি করেন।

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা জানান, গতকাল ইসলামী বিশ্ববিদ্যালয়ে বিক্ষোভ সমাবেশ ও মিছিল অনুষ্ঠিত হয়েছে। সকাল ১০টায় সাধারণ ছাত্রদের একটি গ্রুপ বিভিন্ন বিভাগে গিয়ে ক্লাস বন্ধ করে দেয়। এরপর দুপুর ১২টায় সাধারণ ছাত্ররা মেইন গেটে বিশ্ববিদ্যালয়ের গাড়ি আধা ঘন্টা বন্ধ করে দিয়ে বিক্ষোভ সমাবেশ করে। সমাবেশে আজ বুধবার ক্লাস বর্জনের কর্মসূচি ঘোষণা দেয়।

যশোর অফিস জানায়, ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের উপর আইন-শৃঙ্খলা বাহিনীর হামলার প্রতিবাদে যশোর এম এম কলেজে ছাত্ররা বিক্ষোভ মিছিল করেছে। গতকাল দুপুরে ছাত্ররা সম্মিলিতভাবে বিক্ষোভ মিছিল বের করে। মিছিল থেকে তারা দোষিদের শাস্তির দাবি জানায়। মিছিল শেষে ছাত্ররা সমাবেশ করে আজ বুধবার ধর্মঘটের ডাক দেয়। পরে পুলিশ যেয়ে ক্যাম্পাসের দখল নেয়। প্রতিবাদে ছাত্ররা ক্লাস বর্জন করে। এর আগে সরকারি সিটি কলেজের ছাত্ররা মিছিল করার উদ্যোগ নিলে পুলিশ বাধা দেয়।

বরিশাল অফিস জানায়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের উপর পুলিশের লাঠি চার্জের বিচার না হলে বিএম কলেজের শিক্ষার্থীরা আজ বুধবার থেকে অনির্দিষ্টকালের জন্য ধর্মঘটে যাবে বলে আলটিমেটাম দিয়েছে। গতকাল ছাত্ররা প্রথমে কলেজ ক্যাম্পাসের জিরো পয়েন্টে একত্রিত হওয়ার চেষ্টা চালায়। কিন্তু পুলিশের কঠোর প্রহরার কারণে তারা সেখানে জড়ো হতে পারেনি। পরবর্তীতে কেন্টিনে একত্রিত হয়ে তারা মৌন মিছিল সহকারে অধ্যক্ষের নিকট যায়। তারা অধ্যক্ষের নিকট ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঘটনার বিচারের দাবি জানায়, অন্যথায় কলেজে অনির্দিষ্টকালের জন্য ধর্মঘটের ডাক দেয়ার আলটিমেটাম দেয়। এ ব্যাপারে অধ্যক্ষ ড. সিরাজউদ্দিন আহমেদ জানান, ছাত্ররা তার কাছে ধর্মঘট পালন করার অনুমতি চেয়েছিল, তিনি অনুমতি দেননি।

পটুয়াখালী সংবাদদাতা জানান, গতকাল সন্ধ্যায় পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা বিক্ষোভ মিছিল করেছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের উপর হামলার প্রতিবাদে সর্বদলীয় ছাত্ররা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এ মিছিল করে। সন্ধ্যা সাড়ে ৭টায় শহীদ জিয়া ছাত্রাবাস থেকে ছাত্ররা মিছিল বের করে শহীদ মিনার চত্বরে সমবেত হয়। সেখানে তারা সমাবেশের উদ্যোগ নিলে পুলিশী বাধার মুখে তারা সমাবেশ করতে পারেনি। ক্যাম্পাস উত্তপ্ত রয়েছে। মোতায়েন করা হয়েছে অতিরিক্ত পুলিশ।

সিলেট অফিস জানায়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঘটনার প্রতিবাদে গতকাল মঙ্গলবার রাত সাড়ে ৮টার দিকে সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্ররা বিক্ষোভ মিছিল বের করে। রাত সাড়ে ৯টায় রিপোর্ট লেখা পর্যন্ত মিছিল চলছিল। কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের আন্দোলনের প্রতি একাত্মতা ঘোষণা করে আজ বুধবার থেকে কৃষি বিশ্ববিদ্যালয়ে সকল ক্লাস ও পরীক্ষা লাগাতার বর্জনের কর্মসূচি ঘোষণা করেছে।

### কারমাইকেল কলেজে

রংপুর সংবাদদাতা জানান, ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের ওপর পুলিশি হামলার প্রতিবাদে গতকাল মঙ্গলবার রাতে শত শত ছাত্র-ছাত্রী কারমাইকেল কলেজে বিক্ষোভ মিছিল বের করে। পরে তারা কলেজের প্রশাসনিক ভবনের সামনে সমাবেশ করে। এতে বক্তব্য রাখেন আতিকুর রহমান সবুজ, আমিনুল ইসলাম, হাফিজ আল মাহমুদ, সবুজ সরকার, রোকনুজ্জামান, রিপন, দুর্জয়, বিশ্বজিৎ প্রমুখ। রাত ৯টার দিকে শত শত ছাত্র-ছাত্রী কলেজ সংলগ্ন মুরগি ফার্ম এলাকায় সমবেত হয় এবং এক পর্যায়ে তারা মিছিল করে ক্যাম্পাসে প্রবেশ করে।